

27070 - নখের নীচের ময়লা কি ওয়ুর শুদ্ধতাকে বাধাগ্রস্ত করে?

প্রশ্ন

নখের নীচে যে ময়লা থাকে সেটা কি ওয়ুর শুদ্ধতাকে বাধাগ্রস্ত করে?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক। পর সমাচার:

চল্লিশ দিন পার হওয়ার আগেই নখের পরিচর্যা করা আবশ্যিক। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নখ কাটা, নাভির নীচের পশম কাটা, বগলের পশম উপড়ানো এবং গোঁফ ছাটাই করার সময়সীমা নির্ধারণ করেছেন: চল্লিশ দিনের বেশি দেরী না করা। এই মর্মে সহিহ মুসলিমে (২৫৮) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে হাদিস সাব্যস্ত হয়েছে।

তাই নর-নারী উভয়ের উপর এই বিষয়টি লক্ষ্য রাখা ওয়াজিব। তাই চল্লিশ দিনের বেশি সময় নখ, গোঁফ, নাভির নীচের পশম ও বগলের পশম রেখে দেওয়া যাবে না।

তবে ওয়ু সহিহ। নখের নীচের ময়লার কারণে ওয়ু বাতিল হবে না। কারণ সেটি যৎসামান্য। সামান্য বিষয় ক্ষমার্হ।